

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, মে ১৯, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ : ০৬ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/১৯ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.১৬৯.২০১৪-৬০৩—যেহেতু, জনাব মোঃ আব্দুল গণি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা এর বিরুদ্ধে দেবহাটা থানার মামলা নং-১৪, তারিখ-২১ জুন ২০১৭ এর অভিযোগপত্র নম্বর-৯৩, ধারা-১৮৭৮ সালের অস্ত্র আইনের ১৯-ক/২১ এবং অভিযোগপত্র নম্বর ৯৩ক, ধারা, দণ্ডবিধি ১৪৩/৪৪৮/৩২৩/৩২৫/৩০৭/৫০৬/১১৪ বিজ্ঞ আদালত কর্তৃক যথাক্রমে গত ১৯-০২-২০১৮ ও ০৭-১২-২০১৭ তারিখে গৃহিত হয়েছে;

যেহেতু, জনাব মোঃ আব্দুল গণি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা এর বিরুদ্ধে দায়েরকৃত মামলার অভিযোগপত্র গৃহিত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩(খ)(১) অনুসারে সাতক্ষীরা জেলার দেবহাটা উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল গণিকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

ড. জুলিয়া মঈন

উপসচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৫৭৮১)

মূল্য : টাকা ৪.০০